

38927 - রোজার রুকনগুলো কি কি?

প্রশ্ন

রোজার রুকনগুলো কি কি?

প্রিয় উত্তর

সমস্ত প্রশংসা আল্লাহর জন্য। সকল ফিকাহবিশারদ এ ব্যাপারে একমত যে, সুবহে সাদেক হতে সূর্যাস্ত পর্যন্ত রোজাভঙ্গকারী বিষয়সমূহ (মুফাতিরাত) থেকে বিরত থাকা রোজার অন্যতম একটি রুকন। তবে নিয়তের ব্যাপারে তারা মতানৈক্য করেছেন। হানাফি ও হাম্বলি মাযহাবের আলেমগণের মতে, নিয়ত হচ্ছে-রোজা শুদ্ধ হওয়ার জন্য শর্ত। অপরদিকে মালেকী ও শাফেয়ী মাযহাবের আলেমগণের মতে, নিয়ত রোজার রুকন। মুফাতিরাত থেকে বিরত থাকা এর সাথে “নিয়তের সাথে” কথাটি যোগ করতে হবে। নিয়তকে রুকন ধরা হোক অথবা শর্ত ধরা হোক অন্য ইবাদতের মত রোজাও নিয়ত ছাড়া শুদ্ধ হবে না। অর্থাৎ নিয়তের সাথে মুফাতিরাত থেকে বিরত থাকতে হবে। [আল-বাহরুর-রায়েক (২/২৭৬), মাওয়াহিবুল-জালীল (২/৩৭৮), নিহাইয়াতুল-মুহতাজ (৩/১৪৯), নাইলুল-মা'আরিব শারহ দলীলুত-ত্বালীব (১/২৭৪)] আল্লাহই সবচেয়ে ভাল জানেন।